# <u>কৃষি আবহাওয়া বার্তা</u>

**রাজ্য: পশ্চিমবঙ্গ** তারিখ: **১৫-০১-২০২৪**

<u>গত ৪ দিনের ০৮৩০ ভারতীয় সময় পর্যবেক্ষণের ভিত্তিতে আবহাওয়ার বিবরণ (১১-০১-২০২৪ থেকে ১৪-০১-২০২৪ সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্যবেক্ষণ পর্যন্ত )|</u>

**<u>উক্ত সময়ের মধ্যে</u>**

**<u>১১ জানুয়ারী:</u>** পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কোচবিহার জেলার দুয়েক জায়গায় হালকা থেকে মাঝারি ধরণের (দৃশ্যমানতা: ২০০-৯৯৯ মিটার) কুয়াশা ছিল| পশ্চিমবঙ্গের পশ্চিম বর্ধমান, দার্জিলিং ও মালদা জেলার দুয়েক জায়গায় হালকা (দৃশ্যমানতা:৫০০-৯৯৯ মিটার) কুয়াশা ছিল| পশ্চিমবঙ্গের জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল|

**<u>উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার):</u>** নেই

**<u>১২ জানুয়ারী:</u>** গাঙ্গেয় পশ্চিমবঙ্গের উত্তর ২৪ পরগনা জেলার অনেক জায়গায় হালকা থেকে মাঝারি ধরণের (দৃশ্যমানতা: ২০০-৯৯৯ মিটার) কুয়াশা ছিল| পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, জলপাইগুড়ি, কোচবিহার, মালদা জেলার দুয়েক জায়গায় হালকা (দৃশ্যমানতা:৫০০-৯৯৯ মিটার) কুয়াশা ছিল| পশ্চিমবঙ্গের জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল|

**<u>উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার)</u> :** নেই

**<u>১৩ জানুয়ারী:</u>** পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং জেলার দুয়েক জায়গায় ঘন থেকে অতি ঘন (দৃশ্যমানতা:৫০-১৯৯ মিটার) কুয়াশা ছিল| পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জলপাইগুড়ি, কোচবিহার জেলার দুয়েক জায়গায় ঘন (দৃশ্যমানতা:৫০-১৯৯ মিটার) কুয়াশা ছিল| পশ্চিমবঙ্গের উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা এবং মালদা জেলার কয়েক জায়গায় হালকা থেকে মাঝারি ধরণের (দৃশ্যমানতা: ২০০-৯৯৯ মিটার) কুয়াশা ছিল| পশ্চিমবঙ্গের জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল|

**<u>উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার)</u> :** নেই

**<u>১৪ জানুয়ারী:</u>** গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পুরুলিয়া জেলার দুয়েক জায়গায় শৈত্য প্রবাহ ছিল| পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং,জলপাইগুড়ি, কোচবিহার জেলার দুয়েক জায়গায় ঘন থেকে অতি ঘন (দৃশ্যমানতা:৫০-১৯৯ মিটার) কুয়াশা ছিল| গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পশ্চিম বর্ধমান জেলার দুয়েক জায়গায় ঘন (দৃশ্যমানতা:৫০-১৯৯ মিটার) কুয়াশা ছিল| পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের মালদা জেলার দুয়েক জায়গায় হালকা থেকে মাঝারি ধরণের (দৃশ্যমানতা: ২০০-৯৯৯ মিটার) কুয়াশা ছিল| গাঙ্গেয় পশ্চিমবঙ্গের উত্তর ২৪ পরগনা ও কলকাতা জেলার দুয়েক জায়গায় হালকা (দৃশ্যমানতা:৫০০-৯৯৯ মিটার) কুয়াশা ছিল|

**<u>উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার)</u> :** নেই

**<u>আপেক্ষিক আর্দ্রতা (শতাংশে ):</u>** উক্ত সময়ের মধ্যে পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোতে ইহা ছিল ৬৩ থেকে ৭১ শতাংশ এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোতে ইহা ছিল ৫৮ থেকে ৮৩ শতাংশ |

**<u>সর্বনিম্ন তাপমাত্রা :</u>** উক্ত সময়ের মধ্যে রাজ্যের সমতলাংশে সর্বনিম্ন তাপমাত্রা ১৪ই জানুয়ারী পুরুলিয়াতে ৬.৫ ডিগ্রি সেলসিয়াস ছিল |

## রাতের তাপমাত্রা

| তারিখ | স্বাভাবিক | স্বাভাবিকের থেকে | | | |
|---|---|---|---|---|---|
| | | ২-৪ ডিগ্রি সেলসিয়াস কম | ৫-৬ ডিগ্রি সেলসি. যাস কম | ২-৪ ডিগ্রি সেলসিয়াস বেশী | ৫-৬ ডিগ্রি সেলসি. যাস বেশী |
| | জায়গার নাম | জায়গার নাম | জায়গ | জায়গার নাম | জায়গা. |

| | | | ার নাম | | ব নাম |
|---|---|---|---|---|---|
| ১১-০১-২০২৪ | জলপাইগুড়ি, কোচবিহার, কৃষ্ণনগর, কাঁথি | -- | -- | দার্জিলিং, কালিম্পং, মালদা, বালুরঘাট, বরহমপুর, মেদিনীপুর, আলিপুর, দমদম, দীঘা | -- |
| ১২-০১-২০২৪ | কালিম্পং, মালদা, বালুরঘাট, বরহমপুর, কৃষ্ণনগর, মেদিনীপুর, আলিপুর, দমদম, কাঁথি , দীঘা | -- | -- | দার্জিলিং, জলপাইগুড়ি, কোচবিহার | -- |
| ১৩-০১-২০২৪ | জলপাইগুড়ি, কোচবিহার, মালদা, বালুরঘাট , বরহমপুর, কৃষ্ণনগর ,আলিপুর, দমদম, কাঁথি | মেদিনীপুর, দীঘা | -- | দার্জিলিং, কালিম্পং | -- |
| ১৪-০১-২০২৪ | কালিম্পং, জলপাইগুড়ি, মালদা, বালুরঘাট, মেদিনীপুর, আলিপুর | বরহমপুর, কৃষ্ণনগর, দমদম, কাঁথি, দীঘা | -- | দার্জিলিং, কোচবিহার, | -- |

## **পরবর্তী ৩ দিনের আবহাওয়ার পূর্বাভাস :**

## **দিন ১ (১৫ জানুয়ারী)-**

পশ্চিমবঙ্গের জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে | পশ্চিমবঙ্গের ভূমি অঞ্চলের জেলাগুলিতে আগামী ২৪ ঘন্টা, রাতের তাপমাত্রায় বড় কোনো পরিবর্তন হবে না; পরবর্তী ২-৩ দিন**,** রাতের তাপমাত্রা ধীরে ধীরে ৩-৪ ডিগ্রী সেলসিয়াস বাড়বে|

## **দিন ২ (১৬ জানুয়ারী)-**

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পঙ জেলার দুয়েক জায়গায় হালকা বৃষ্টিপাত অথবা তুষারপাতের সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের আলিপুরদুয়ার জেলার দুয়েক জায়গায় এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পূর্ব মেদিনীপুর ও দক্ষিণ ২৪ পরগনা জেলার দুয়েক জায়গায় হালকা বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে | গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোর দুয়েক জায়গায় হালকা থেকে মাঝারি ধরণের (দৃশ্যমানতা: ২০০-৯৯৯ মিটার) কুয়াশার সম্ভাবনা আছে।

## **দিন ৩ (১৭ জানুয়ারী)-**

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পঙ জেলার কয়েক জায়গায় হালকা থেকে মাঝারি বৃষ্টিপাত অথবা তুষারপাতের সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের আলিপুরদুয়ার জেলার কয়েক জায়গায় এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, কলকাতা, হাওড়া, হুগলী এবং নদিয়া জেলার কয়েক জায়গায় হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির দুয়েক জায়গায় হালকা বৃষ্টিপাতের সম্ভাবনা আছে।

## সতর্কীকরণ:

## দিন ১ (১৫ জানুয়ারী)-

১) পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, জলপাইগুড়ি, কোচবিহার, উত্তর ও দক্ষিণ দিনাজপুর, মালদা জেলার দুয়েক জায়গায় অতি ঘন (দৃশ্যমানতা:৫০ মিটার এর কম) কুয়াশার সম্ভাবনা আছে।

২) গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলির এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির দুয়েক জায়গায় ঘন (দৃশ্যমানতা:৫০-১৯৯ মিটার) কুয়াশার সম্ভাবনা আছে।

৩) গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পুরুলিয়া জেলার দুয়েক জায়গায় শৈত্য প্রবাহ হওয়ার সম্ভাবনা আছে।

৪) গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পশ্চিম বর্ধমান, বীরভূম, মুর্শিদাবাদ ও নদিয়া জেলার এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের উত্তর ও দক্ষিণ দিনাজপুর জেলার দুয়েক জায়গায় শীতল দিনের পরিস্থিতি থাকবে।

## দিন ২ (১৬ জানুয়ারী)-

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোর দুয়েক জায়গায় ঘন (দৃশ্যমানতা:৫০-১৯৯ মিটার) কুয়াশার সম্ভাবনা আছে।

## দিন ৩ (১৭ জানুয়ারী)-

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কালিম্পঙ জেলার দুয়েক জায়গায় শিলাবৃষ্টি হওয়ার সম্ভাবনা আছে।

**<u>পরবর্তী ২ দিনের অনুমান</u>** : সামান্য পরিবর্তন হবে।

**পক্ষে**

আঞ্চলিক আবহাওয়া কেন্দ্র , আলিপুর

১৫-০১-২০২৪